

# TRIPURA GAZETTE



Published by Authority

## EXTRAORDINARY ISSUE

Agartala, Friday, July 23, 2021 A. D. Sravana 1, 1943 S. E.

### PART-- II Advertisements & Notices.

ত্রিপুরা সরকার  
জেলাশাসক ও সমাহর্তা অফিস  
পশ্চিম ত্রিপুরা : দেবাচন শাখা

আগরতলা, ২৩শে জুলাই, ২০২১ ইং  
৩ই শ্রাবণ, ১৪২৮বাং

### মেমো

আগামী ১৩ই শ্রাবণ, ১৪২৮ সন বাং (৩০শে জুলাই, ২০২১ইং) শুক্রবার রাত্রি ১০ ঘটিকায় কের আরম্ভ হইয়া ১৫ই শ্রাবণ, ১৪২৮ সন বাং (১লা আগস্ট ২০২১ ইং) রবিবার পূর্বাহ ৫ ঘটিকায় কের সমাপ্ত হইবে। কেরের সীমানা নিম্নলিখিত রূপ নির্দ্বারিত হইল।

#### --ঃ কেরের সীমানা নৃতন হাবেলী :--

- ১) উত্তরে : রাজ অন্তপুরের উত্তর সীমানা।
- ২) পূর্বে : রাজবাড়ীর খাসমহলের পূর্ব সীমানা হইতে বরাবর দক্ষিণ দিকে পুরাতন বিধানসভা ভবনের পশ্চিম সীমানা বরাবর রেলিং হইয়া মেইন গেইটের পশ্চিম সীমানা পর্যন্ত।
- ৩) দক্ষিণে : দুর্গাবাড়ী দীঘির দক্ষিণ পাড়ের রেলিং ও দুর্গাবাড়ির পূর্ব সীমানার দেওয়াল এবং দক্ষিণ সীমানার দেওয়াল।
- ৪) পশ্চিমে : দুর্গাবাড়ী পশ্চিম সীমানার দেওয়াল তৎপর উক্ত দেওয়ালের উত্তর কোণ বরাবর পশ্চিম দিকে শকুন্তলা রোডের পূর্ব সীমানা বরাবর উত্তর দিকে রাজবাড়ীর পুরাতন দেওয়াল সংযোগস্থল।

#### --ঃ কেরের সীমানা পুরাতন হাবেলী :--

- ১) উত্তরে : চতুর্দশ দেবতা বাড়ীর সীমানার রাস্তা।
- ২) পূর্বে : উক্ত দেবতার বাড়ীর রাস্তা।
- ৩) দক্ষিণে : উক্ত দেবতার বাড়ীর সীমানা।
- ৪) পশ্চিমে : উক্ত দেবতার বাড়ীর পুকুরগীর পশ্চিম পার।
- ৫) চতুর্দশ দেবতার বাড়ী হইতে যে রাস্তা বরাবর পশ্চিম দিকে হাওড়া নদীর দেবতার স্থানের ঘাট পর্যন্ত।

--ঃ বর্তমান সনের কের সম্বন্ধে নিম্নলিখিত সময় নির্দ্বারণ করা গেল :--

আগামী ১৩ই শ্রাবণ, ১৪২৮ সন বাং (৩০শে জুলাই, ২০২১ইং) শুক্রবার রাত্রি ১০ ঘটিকায় কের আরম্ভ হইবে এবং তখনই তোপঝৰনি হইবে। ১৪ই শ্রাবণ ১৪২৮ বাং (৩১শে জুলাই, ২০২১ইং) শনিবার ভোর ৫ ঘটিকায় কেরের বিশ্রাম হইবে এবং তোপঝৰনি হইবে। তৎপর পূর্বাহ ১০ ঘটিকায় কের আরম্ভ হইবে এবং সন্ধ্যা ৬ ঘটিকায় কেরের বিশ্রাম হইবে।

এই সময় তোপঝৰনি নাগরী পূজার পর হইবে এবং রাত্রি ১০ ঘটিকায় পুনরায় কের আরম্ভ হইবে তখনই তোপঝৰনি হইবে।

১৫ই শ্রাবণ, ১৪২৮ বাং (১লা আগস্ট, ২০২১ইং) রবিবার সকাল ৫ ঘটিকায় কের ছাড়িবে এবং তখনই তোপঝৰনি হইবে।

--ঃ প্রতিপাল্য নিয়ম :--

১) কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন লোকের জন্ম বা মৃত্যু হইলে কের ভঙ্গ হইবে। অতএব পূর্ব হইতে এতৎ সম্বন্ধে অনুসন্ধানক্রমে কোন আসন্ন প্রসবা কিংবা মুমুর্শ রোগী থাকিলে তাহাদিগকে কের আরম্ভের পূর্বেই স্থানান্তরিত করিতে হইবে।

২) কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন প্রকার নৃত্য, গীত, বাদ্য ও আমোদ প্রমোদ হইতে পারিবে না এবং গো, মহিষ, ছাগল ইত্যাদি প্রকাশ্য স্থানে যাতায়াত করিতে পারিবে না।

৩) কেরের সময় কেরের সীমানার ভিতরের লোক বাহিরে যাইতে কিংবা বাহিরের লোক ভিতরে আসিতে পারিবে না।

৪) নির্দিষ্ট সংখ্যক পুলিশ কর্মচারী এবং পশ্চিম ত্রিপুরা দেৰাচনেৰ ভাৱে প্ৰাপ্ত কৰ্মীগণ এবং যে কোন ব্যক্তিকে মাননীয় জেলাশাসক বিশেষ ভাবে অনুমতি দেন, তাহারা ভিন্ন অন্য কোন লোক কেরের সময় উক্ত সীমানার মধ্যবর্তী স্থানে যাতায়াত করিতে পারিবে না।

অত্র মেমোতে কের আরম্ভের অর্ধ ঘণ্টা পূর্বে খবৰদারি তোপঝৰনি করা হইবে। অবগতিৰ বাসনায় প্রতিলিপি প্ৰেরিত হইল।

নানু ব্ৰহ্মল দাস  
ভাৱপ্রাপ্ত কাৰ্য্যকাৰক,  
দেৰাচন শাখা, পশ্চিম ত্রিপুৰা।

ইতি  
  
(দেবপ্ৰিয় বৰ্ধন, আই. এ. এস.)  
জেলাশাসক ও সমাহৰ্তা  
পশ্চিম ত্রিপুৰা।